

তথ্য কমিশনে ১৬-০৪-২০১৮ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ১১ টি অভিযোগের শুনানীশেষে ০৫ টি অভিযোগের নিষ্পত্তি করা হয়, ০২ টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় এবং ০৪ টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

শুনানীতে অংশ নেন মাননীয় প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে টাঙ্গাইল গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের পরিচালক (জোন-৫), জামালপুর জোনাল সেটেলমেন্ট অফিসের জোনাল সেটেলমেন্ট অফিসার, বরিশাল সিটি কর্পোরেশনের পানি সরবরাহ বিভাগের নির্বাহী প্রকৌশলী এবং যশোর চোগাছার ৪ নং ধূলিয়ানী ইউনিয়ন পরিষদের সচিবের বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে চুয়াডাঙ্গা পুলিশ সুপার কার্যালয়ের অতিরিক্ত পুলিশ সুপার এবং জনতা ব্যাংক লিমিটেড, মতিঝিল কর্পোরেট শাখার মহাব্যবস্থাপকের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা

হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা ও সেবা বিভাগের সিনিয়র সহকারী সচিব, মুন্সিগঞ্জের রামপাল ইউনিয়ন পরিষদের সচিব, জামালপুর জোনাল সেটেলমেন্ট অফিসের জোনাল সেটেলমেন্ট অফিসার এবং হবিগঞ্জের ইনাভগঞ্জ ইউনিয়ন পরিষদের সচিবের বিরুদ্ধে আনিত অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

স্বাক্ষরিত:-

১৬-০৪-২০১৮

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd